

বর্তমান

সোলারিজ আবাসন প্রকল্পে বিপুল সাড়া

নিজস্ব প্রতিনিধি, কলকাতা: হাওড়ায় 'সোলারিজ শালিমার' আবাসন প্রকল্প গড়ছে ইডেন রিয়েলটি। শালিমার রেল স্টেশনের কাছে ৯ একর জমিতে ১৮ তলার ওই প্রকল্প গড়ে উঠছে। শহরের উচ্চতম এই আবাসন প্রকল্পে বর্তমানে ৬৪৮টি ফ্ল্যাট বিক্রির কথা ঘোষণা করা হয়েছে। সংস্থার ম্যানেজিং ডিরেক্টর আর্থ সুমন্ত দাবি করেছেন, বিশ্বমানের বিভিন্ন সুযোগ-সুবিধা ছাড়াও 'এমআইজি' বা মধ্যবিত্তের জন্য এই আবাসন প্রকল্প অত্যন্ত আকর্ষণীয়। তার অন্যতম কারণ এর অবস্থান। ইতিমধ্যেই তাঁরা ক্রেতাদের থেকে বিপুল সাড়া পেয়েছেন। ই-লটারির মাধ্যমে ক্রেতাদের বাছাই করা হবে। সংস্থার জয়েন্ট ম্যানেজিং ডিরেক্টর কুমার সাত্যকি বলেন, প্রকল্প ঘোষণার প্রথম ১২ দিনের মধ্যে প্রায় দু'হাজার মানুষ এলাকায় গিয়ে প্রকল্প সম্পর্কে খোঁজখবর নিয়েছেন। সাইট অফিস থেকে বিক্রির বাইরে, অনলাইনেও ফর্ম কিনেছেন আড়াই হাজার মানুষ। ফর্ম বিক্রয় চলবে আগামী ১২ ফেব্রুয়ারি পর্যন্ত।

